দৈনিক বাংলা

তারিখ 26 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

# রাজশাহী বোর্ডের এইচএসসি'র ফল প্রকাশ ঃ পাসের হার ৩৭.৩৩

নিজস্ব সংবাদদাতা ঃ রাজশাহী, ২৫ ডিসেম্বর।— রাজশাহী শিক্ষাবোর্ডের অধীনে গৃহীত ১৯৯১ সালের এইচএসসি পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। পরীক্ষায় মোট ৬৩ হাজার ৮শ জন ছাত্রছাত্রী অংশ নেয়। এদের মধ্যে ২৩ হাজার ৮২০ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার শতকরা ৩৭ দশমিক ৩৩।

পরীক্ষায় ১ হাজার ৬শ ৮৫ জন প্রথম বিভাগ, ৭ হাজার ১শ ৫৯ জন দ্বিতীয় বিভাগ ও ১৪ হাজার ৯শ ৭৬ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

মানবিক বিভাগে পরীক্ষা দিয়েছিল ৩৪ হাজার ৫শ ২৪ জন ; পাস করেছে ১১ হাজার ১শ ৮৯ জন। এই শাখায় পাসের হার শতকরা ৩২ দশমিক ৪০ ভাগ। বিজ্ঞান শাখায় পরীক্ষা দিয়েছিল ১৮ হাজার ২শ ৬৫ জন। পাস করেছে ৮ হাজার ৫শ ১৫ জন। পাসের হার শতকরা ৪৬ দশমিক ৬১। বাণিজ্য শাখায় মোট অংশ নেয় ১১ হাজার ১১ জন। পাস করেছে ৪ হাজার ১শ ১৬ জন। এ শাখায় পাসের হার শতকরা ৩৭ দশমিক ৩৮ ভাগ।

### মেধা তালিকা ঃ বিজ্ঞান

বিজ্ঞান শাখায় সম্মিলিত মেধা তালিকায় পুরুষ ও মহিলা (একত্রে) রাজশাহী কলেজ থেকে প্রথম হতে ৬ষ্ঠ হয়েছে যথাক্রমে শামিম আহমেদ আলফা –৯৭৮, মোঃ শাহেদুর রহমান–৯৫৭, তৌফিক হাসান–৯২৪, ফয়সাল হোসেন ৯১৫, আলী সাক্বাত আখন্দ–৯০৩, এ কে এম মঞ্জুর মুর্শেদ–৯০০ এবং ৭ম হয়েছে দিনাজপুর সরকারী কলেজ থেকে সুব্রত রায়–৮৯৬ নম্বর পেয়ে। অন্যদিকে, ৮৯৫ নম্বর পেয়ে তিনজন অষ্টম স্থান অধিকার করে। এরা হল রাজশাহী কলেজ থেকে নিকহাত আরা, দিনাজপুর সরকারী কলেজ থেকে সুকল্যাণ কুমার কুণ্ডু ও পাবনা ক্যাডেট কলেজ থেকে মোঃ রাশেদুল করিম। নবম হয়েছে রাজশাহী কলেজ থেকে দেবাশীষ চক্রবর্তী–৮৯৪ এবং দশম

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ড

(প্রথম পৃঃ পর)

স্থান অধিকার করেছে পাবনা ক্যাডেট কলেজ থেকে মোঃ সোহেল কুদরত–ই খোদা–৮৯২ নম্বর পেয়ে।

### মেধা তালিকা ঃ মানবিক

সম্মিলিত মেধা তালিকায় মানবিক শাখায় পুরুষ ও মহিলা সমন্বয়ে প্রথম হয়েছে রাজশাহী কলেজ থেকে প্রদীপ কুমার পাণ্ডে তার প্রাপ্ত নম্বর ৮৫৮। দ্বিতীয় হয়েছে রাজশাহী কলেজ থেকে মোঃ বদিউজ্জামান–প্রাপ্ত নম্বর ৮৪৮। তৃতীয় হয়েছে রাজশাহী কলেজ থেকে আক্তার বানু–প্রাপ্ত নম্বর ৮৩৪। চতুর্থ হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল থেকে আঞ্জুমান শিরিন–প্রাপ্ত নম্বর ৮২৭। পঞ্চম হয়েছে কারমাইকেল কলেজ, রংপুর থেকে আ·ফ·ম· মাশউদ আখতার–প্রাপ্ত নম্বর ৮১৬। ৬ষ্ঠ থেকে ৯ম পর্যন্ত যথাক্রমে রাজশাহী কলেজ থেকে এস এম শফিউল হাসান ৮১২, মোঃ আমিনুল হক ৮০৬, মোঃ আবু তালেব–৮০৫, মোঃ রেজাউল আলম–৮০১ এবং দশম হয়েছে কারমাইকেল কলেজ রংপুর থেকে মোঃ ওবায়দুল হামিদ ৭৯৯ নম্বর পেয়ে।

### মেধা তালিকা ঃ বাণিজ্য

বাণিজ্য শাখায় সম্মিলিত মেধা তালিকায় (পুরুষ ও মহিলা একত্রে) রাজশাহী কলেজ থেকে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছে যথাক্রমে ফারুক আহমেদ–৭৫১ ও মোঃ জাকির হোসেন ৭৪১ নম্বর পেয়ে। তৃতীয় হয়েছে শাহাহার সরকারী কলেজে থেকে কালীপদ মোহন্ত ৭১৭, চতুর্থ হয়েছে রাজশাহী কলেজ থেকে মোঃ মুনসুর রহমান–৭০৩ নম্বর পেয়ে। পঞ্চম এবং ৬ষ্ঠ হয়েছে একই কলেজ থেকে যথাক্রমে মোঃ হাবিবুর রহমান–৬৯৬ ও আহমেদ মোস্তফা ৬৯৪ নম্বর পেয়ে। সপ্তম হয়েছে রাজশাহী কলেজ থেকে ২ জন–আবুল হাসনাত মোঃ আরিফুল ইসলাম ৬৯০, ও নাহিদুল ইসলাম তরফদার–৬৯০। অষ্টম হয়েছে এ শাখায় নবাবগঞ্জ সরকারী কলেজ থেকে এ এস এম কামাল হোসেন মুক্তা–৬৮৩ নম্বর পেয়ে। নবম হয়েছে রাজশাহী কলেজ থেকে মোঃ নাসির উদ্দিন–৬৭৯ এবং দশম স্থান অধিকার করেছে দিনাজপুর সরকারী কলেজ থেকে মোঃ আনোয়ার পারভেজ ৬৭৭ নম্বর পেয়ে।